

E-Paper

আনন্দবাজার.com

Log in

প্রথম পাতা

কলকাতা

পশ্চিমবঙ্গ

দেশ

বিদেশ

সম্পাদকের পাতা

আরও

Anandabazar / Education Career / Jadavpur University will recruit Project Fellow in a private company funded project dgtl

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগে গবেষক নিয়োগ, কোন প্রকল্পের জন্য?

নিযুক্ত ব্যক্তির সাম্মানিক হবে মাসে ৪২,৫৫০ টাকা।

# আনন্দবাজার.com

যাদবপুর বিশ্ববিদ্যালয়। সংগৃহীত ছবি।

## আনন্দবাজার অনলাইন ডেস্ক

শেষ আপডেট: ০৪ মার্চ ২০২৫ ১৭:২২

Share 

Save

গবেষণাধর্মী কাজের সুযোগ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে। সম্প্রতি এই মর্মে বিশ্ববিদ্যালয়ের তরফে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। জানানো হয়েছে, প্রকল্পে অস্থায়ী ভাবে গবেষক নিয়োগ করা হবে। প্রকল্পের জন্য অর্থ যোগান দেবে একটি বেসরকারি সংস্থা। গবেষণা প্রকল্পের জন্য দু'টি ভিন্ন পদে কর্মী নিয়োগ করা হবে। এর জন্য প্রার্থীদের যোগ্যতা যাচাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। তাঁদের আগে থেকে আবেদনপত্র পাঠাতে হবে না।

Advertisement

Powered by

বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগে প্রকল্পের কাজ সম্পন্ন হবে। যার নাম—  
‘ডেভেলপমেন্ট অফ এফিশিয়েন্ট ইলেক্ট্রোক্যাটালিস্টস বেসড হাইড্রোজেন  
প্রোডাকশন থ্রু ওয়াটার স্প্লিটিং’। প্রকল্পটি বেসরকারি সংস্থা এম/ এস  
ম্যাগেলেনিয়াম টেকনোলজিস প্রাইভেট লিমিটেডের অর্থপুষ্ট।

প্রকল্পে প্রজেক্ট ফেলো পদে নিয়োগ হবে। শূন্যপদ রয়েছে একটি। প্রকল্পে  
নিযুক্ত ব্যক্তির কাজের মেয়াদ থাকবে এক বছর। এর পর তাঁর কাজের  
দক্ষতার নিরিখে এই মেয়াদ বাড়ানো হতে পারে। নিযুক্ত ব্যক্তির সাম্মানিক  
হবে মাসে ৪২,৫৫০ টাকা।

### আরও পড়ুন:

আনন্দবাজার.com

ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অধীনস্থ  
সংস্থায় কাজের সুযোগ, আবেদনের  
শর্তাবলি কী?

আনন্দবাজার.com

বর্জ্য ব্যবস্থাপনায় পিজি ডিপ্লোমা  
করবেন? ইগনুতে শুরু হয়েছে ভর্তি  
প্রক্রিয়া

Anandabazar.com

## স্নাতকে ভর্তির প্রবেশিকা কুয়েট ইউজির দিনক্ষণ জানাল এনটিএ, শুরু আবেদন প্রক্রিয়া

প্রজেক্ট ফেলো পদে আবেদনের জন্য প্রার্থীদের বয়স ৩২ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিতদের জন্য থাকবে ছাড়। পাশাপাশি, তাঁদের পদার্থবিদ্যায় এমএসসি/ ন্যানোসায়েন্স অ্যান্ড টেকনোলজিতে এমটেক ডিগ্রি এবং ন্যূনতম চার বছর সংশ্লিষ্ট ক্ষেত্রে গবেষণার কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এ ছাড়া, যোগ্যতার ভিন্ন মাপকাঠি রয়েছে।

আগামী ১৯ মার্চ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে দুপুর ১টা থেকে ইন্টারভিউয়ের আয়োজন করা হবে। ওই দিন বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন সেন্টার থেকে ৫০ টাকার বিনিময়ে সংগৃহীত আবেদনপত্র পূরণ করে অন্যান্য প্রয়োজনীয় নথি-সহ যথাস্থানে উপস্থিত হতে হবে প্রার্থীদের। এই বিষয়ে আরও জানতে প্রার্থীদের মূল বিজ্ঞপ্তিটি দেখে নিতে হবে।